গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা)
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
www.bnfe.gov.bd

নং-৩৮.৩৯৯.০১১.০০.০০.০০১.২০১৪- ৪৬১

তারিখ: ১৭ আশ্বিন ১৪২৩
০২ অক্টোবর ২০১৬

# পুন:নিয়োগ বিজ্ঞপ্তি

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর আওতায় মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা) এর নিম্নবর্ণিত শূণ্য পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে কেবলমাত্র প্রকল্প মেয়াদের জন্য সরকারী বিধি মোতাবেক সাকুল্য বেতনে (Consolidated Pay) নিয়োগ প্রদানের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| পদের নাম | পদের সংখ্যা | সাকুল্য বেতন | যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণ |
|---|---|---|---|
| উপজেলা প্রোগ্রাম অফিসার | ১৩৭ | ২৪৭০০/- | • যে কোন বিষয়ে মাষ্টার ডিগ্রী।<br>• কম্পিউটারে দক্ষতাসম্পন্ন হতে হবে (MS Office & Internet Operations)\|<br>• উপানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচিতে কাজের অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। |

শর্তাবলী:

১। ২৫ অক্টোবর ২০১৬ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ (ত্রিশ) বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমানের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

২। মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে বয়স সীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। সেক্ষেত্রে আবেদনপত্রের সাথে যথাযথ সনদপত্র দাখিল করতে হবে।

৩। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে। বাংলাদেশের নাগরিক নন এমন কারও সাথে বৈবাহিক সূত্রে আবদ্ধ হয়ে থাকলে কিংবা বিবাহের জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকলে তিনি আবেদন করার যোগ্য হবেন না;

৪। সমাপ্ত প্রকল্পের জনবল অন্য প্রকল্পে নিয়োগের ক্ষেত্রে জনপ্রশাসন কর্তৃক জারীকৃত ১৬.০৬.২০০৩ তারিখে সম/সওব্য/৩-১(২)-১১/২০০৩-৭২ সংখ্যক স্মারক মোতাবেক প্রবেশ পদে নিয়োগের বয়সসীমা শিথিলযোগ্য;

৫। উপানুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তর/উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কর্তৃক ইতোপূর্বে বাস্তবায়িত বিভিন্ন প্রকল্পের অভিজ্ঞতা ও দক্ষতা সম্পন্ন কর্মচারীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য এবং নিয়োগদানের ক্ষেত্রে তাদেরকে অগ্রাধিকার প্রদান করা হতে পারে;

৬। প্রকল্প পরিচালক, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ বরাবর আবেদনপত্র আগামী ২৫ অক্টোবর ২০১৬ তারিখের মধ্যে পৌছাতে হবে;

৭। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত প্রমানপত্র সমূহ সংযুক্ত করতে হবে;
ক) প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি;
খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে আবেদন পত্রের সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পিতা/মাতার মুক্তিযোদ্ধার সার্টিফিকেট এর ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি;
গ) ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সকল মূল /সাময়িক সনদের কপি;
ঘ) উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদ ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত;
ঙ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারের নিকট হতে নিজ জেলা উল্লেখসহ নাগরিকত্ব ও চারিত্রিক বৈশিষ্ট্যের সার্টিফিকেট।

৮। আবেদনপত্রের সাথে "প্রকল্প পরিচালক, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা)" এর অনুকূলে ৫০০(পাঁচশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে;

৯। নিয়োগের ক্ষেত্রে সরকারী বিধি-বিধান এবং কোটা পদ্ধতি অনুসরণ করে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে;

১০। খামের উপর পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে;

১১। চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না;

১২। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং একাধিক প্রার্থীর আবেদন পত্র একই খামের মধ্যে পাওয়া গেলে তা বাতিল বলে গণ্য হবে;

১৩। দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত দেয়া হবে না;

১৪। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে;

১৫। আবেদনপত্রে কোনরূপ অসত্য বিবরণ/তথ্য পাওয়া গেলে আবেদনকারী চুড়ান্তভাবে মনোনীত হওয়া সত্ত্বেও আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং ঐ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

১৬। আবেদনপত্রে প্রার্থীর স্বাক্ষর ও তারিখ থাকতে হবে;

১৭। আবেদনপত্রে নিম্নোক্ত তথ্য/বিবরণ প্রদান করতে হবে:
ক) পদের নাম: খ) প্রার্থীর নাম: গ) পিতার নাম: ঘ) মাতার নাম: ঙ) স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে):
চ) আবেদনকারীর জন্ম তারিখ: ছ) ১৬ অক্টোবর ২০১৬ তারিখে প্রার্থীর বয়স: ........ বছর, ....... মাস, ........ দিন;
জ) স্থায়ী ঠিকানা: ঝ) বর্তমান ঠিকানা: ঞ) ধর্ম: ট) জাতীয়তা:
ঠ) শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | ফলাফল |
|---|---|---|---|
| | | | |

ড) অভিজ্ঞতা (যদি থাকে): ঢ) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং .......... তারিখ:.........ব্যাংকের নাম: .............

১৮। প্রাপ্ত সকল আবেদনপত্র যাচাই-বাছাই করে কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র উপযুক্ত প্রার্থীগণকে লিখিত বা মৌখিক পরীক্ষার জন্য পত্র প্রেরণ করা হবে;

১৯। ইতিপূর্বে ২৩ মার্চ ২০১৫ তারিখে দৈনিক আমাদের অর্থনীতি এবং দৈনিক আমাদের সময় পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তি নম্বর ৩৮.৩৯৯.০১১.০০.০০.০০১.২০১৪-২০৬, তারিখ: ০৮ চৈত্র ১৪২১/২২ মার্চ ২০১৫ অনুযায়ী যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

২০। নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না;

২১। অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত পরিপত্রের সংযোজনীতে নির্ধারিত সাকুল্য বেতন কাঠামোর বিধি বিধান প্রযোজ্য হবে;

২২। নিয়োগ বিজ্ঞপ্তি জারীর পরেও উন্নয়ন প্রকল্পের কর্মকর্তা/কর্মচারী নিয়োগ সংক্রান্ত কর্তৃপক্ষের জারীকৃত প্রাসঙ্গিক সকল আদেশ/পরিপত্র/ নীতিমালা প্রযোজ্য হবে;

২৩। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা কর্তৃপক্ষের প্রয়োজনীয়তার নিরিখে হ্রাস বৃদ্ধি হতে পারে।

২৪। যে কোন আবেদনপত্র বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

২৫। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহনের জন্য আবেদনকারীকে কোন প্রকার যাতায়াত ভাতা ও দৈনিক ভাতা প্রদান করা হবে না;

২৬। নিয়োগ বিজ্ঞপ্তিটি উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর ওয়েবসাইট www.bnfe.gov.bd-তে পাওয়া যাবে।

02/10/2016

(মোঃ শফিকুল ইসলাম)
প্রকল্প পরিচালক(যুগ্ম-সচিব)
ও
সদস্য
উপজেলা প্রোগ্রাম অফিসার নিয়োগ কমিটি